

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ মনোবিজ্ঞান বিভাগে ০৩ (তিন) টি স্থায়ী সহকারী অধ্যাপকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদ পূরণের ফলে তাৎক্ষণিকভাবে সৃষ্ট শূন্য প্রভাষক পদের বিপরীতে তিনজন অস্থায়ী প্রভাষক নিয়োগ করা যেতে পারে।

বেতন স্কেলঃ সহকারী অধ্যাপক পদের ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা।

বেতন স্কেলঃ প্রভাষক পদের ২২,০০০-৫৩,০৬০/- টাকা।

সহকারী অধ্যাপক পদের যোগ্যতাঃ প্রার্থীদের মনোবিজ্ঞান বিষয়ে বিএসসি (সম্মান) এবং মাস্টার্স ডিগ্রী পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণী অথবা সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ অথবা কোন বিদেশী বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রী সহ এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ এর ক্ষেত্রে ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। কোন বিশ্ববিদ্যালয়ে তাঁদের কমপক্ষে তিন বৎসরের শিক্ষাদানের অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় ০৩ টি প্রকাশিত প্রবন্ধ থাকতে হইবে। পিএইচডি ডিগ্রীধারীগণের ক্ষেত্রে উপরোক্ত শর্তাবলী শিথিল করা যেতে পারে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসাবে গণ্য করা হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রীধারীগণকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

প্রভাষক পদের যোগ্যতাঃ প্রার্থীদের অবশ্যই মনোবিজ্ঞান বিষয়ে বিএসসি (সম্মান) এবং মাস্টার্স পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণী অথবা সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ সহ এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রী ধারীদেরকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮(আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। দরখাস্তের প্রত্যেক কপির সাথে সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্ক-শীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ২৬/০৭/২০১৮ ইং।

UNIVERSITY OF DHAKA: Applications in prescribed form, obtainable from the office of the Registrar, are invited from the Bangladeshi nationals for filling up 03 (Three) permanent posts of Assistant Professor in the Department of Psychology, University of Dhaka. Three more temporary Lecturers may be appointed against post of Lecturer if consequential vacancies arise.

Pay scale: for the posts of Assistant Professor Tk. 35,500-67,010/-.

Pay scale: for the posts of Lecturer tk 22,000-53,060/-.

QUALIFICATIONS FOR POSTS OF ASSISTANT PROFESSOR : Candidates must have First Class or in case of CGPA 3.50 out of 4.00 in both BSc. (Honors) & Master's degree in Psychology or an equivalent degree from a foreign University with first division or in case of GPA 4.25 out of 5.00 in both SSC & HSC Examinations. They should have at least three years of teaching experience in a University together with 03 (three) research publications in standard journals. The above requirements may be relaxed in the case of those who have PhD degree. Experience and performance as a teacher as well as significant contribution to different areas of University activities especially in guiding the overall educational and co-curricular activities of the students will also be treated as qualifications. Other qualifications being equal, preference may be given to those who have higher degrees.

QUALIFICATIONS FOR POSTS OF LECTURER: Candidates must have first class or in case of CGPA 3.50 out of 4.00 in both BSS (Honors) and MSS in Psychology along with minimum GPA of 4.25 out of 5.00 in both SSC and HSC examinations. Other qualifications being equal preference may be given to those who have higher degrees.

Eight copies of application together with attested copies of certificates, testimonials, mark-sheets and proof of experience along with a Pay Order/Bank Draft of the value of Tk.750/- (Seven hundred & Fifty) only, payable to the Registrar, should reach him on or before 26/07/2018. Candidates already in service must apply through proper channel.